15

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 NOV 1998 ...
পৃঃ ২৮ কলাম ৫

# নারী শিক্ষা প্রসারে সকল পদক্ষেপ নেওয়া হইয়াছে

................................ চীফ হুইপ

বরিশাল অফিস ॥ চীফ হুইপ আবুল হাসানাত আবদুল্লাহ বলিয়াছেন, পুরুষদের শিক্ষার পাশাপাশি নারী শিক্ষার প্রসারে সরকার সকল পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। জনসংখ্যার অর্ধেক হইতেছে নারী সমাজ। তাহাদের অশিক্ষিত রাখিয়া দেশের উন্নতি

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## চীফ হুইফ

(শেষ পৃষ্ঠার পর)

সম্ভব নয়। গতকাল (শনিবার) সকালে শহরের বেগম তফাজ্জল হোসেন মানিক মিয়া মহিলা কলেজের ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতাকালে চীফ হুইপ বলেন, ছাত্রীদের ১০ম শ্রেণী পর্যন্ত টিউশন ফি মওকুফ করা হইয়াছে। উচ্চ শিক্ষাক্ষেত্রে এই সুযোগ দেওয়া যায় কিনা সে ব্যাপারে চিন্তা-ভাবনা করা হইতেছে। -হাসনাত বলেন -এক মহিয়সী নারীর নামে এই কলেজ প্রতিষ্ঠিত হইয়াছে। তাহার স্বামী মানিক মিয়া ছিলেন সাংবাদিকতা জগতের অবিসংবাদিত নেতা। বাঙ্গালী জাতির অধিকার আদায়ে তিনি ছিলেন আজীবন সোচ্চার। জেলা প্রশাসক মোঃ আলাউদ্দিন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে কলেজের প্রতিষ্ঠাতা হাবিবুল ইসলাম আনুচ তালুকদার, অতিরিক্ত সচিব সিরাজউদ্দিন আহমেদ, অধ্যক্ষ আমিনুল হক ও প্রভাষিকা কানিজ মাহমুদা বক্তৃতা দেন। অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার, পুলিশের ডিআইজি, আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা মুশফিকুর রহমান, সিরাজুল ইসলাম মানিক প্রমুখ উপস্থিত ছিলেন। পরে হাসানাত ভিত্তিপ্রস্তর ফলকের আবরণ উন্মোচন করেন। বক্তারা তাহাদের বক্তৃতায় এই কলেজ স্থাপনের জন্য মানিক মিয়ার পুত্র যোগাযোগমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু অর্থ দান করায় তাহাকে ধন্যবাদ জানান।